

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ জৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং- ১৫৬-আইন/২০১৩/২৪৪৩/কাস্টমস।- Customs Act, 1969 (IV of 1969) এর section 25A এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার প্রি-শিপমেন্ট ইন্সপেকশন বিধিমালা, ২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত বিধিমালার -

- (১) বিধি ২ এর দফা (ক) এর উপ-দফা (ই) বিলুপ্ত হইবে;
- (২) বিধি ৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৪ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“৪। পরিদর্শন সংস্থার নিয়োগের মেয়াদ।- পরিদর্শন সংস্থার নিয়োগের মেয়াদ হইবে উহার নিয়োগের তারিখ হইতে অন্যন ১ (এক) বৎসর এবং অনধিক ৩ (তিনি) বৎসর :

তবে শর্ত থাকে যে, সরকার, প্রয়োজনে, পরিদর্শন সংস্থার নিয়োগের মেয়াদ অনধিক ১ (এক) বৎসর বৃদ্ধি করিতে পারিবে।”;

- (৩) বিধি ৫ এর পরিবর্তে বিধি ৫ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“৫। ব্লক গঠন।- এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশে পরিদর্শন সংস্থা কর্তৃক পরিদর্শন প্রযোজ্য পণ্য আমদানীর ভিত্তিতে পরিশিষ্ট-১ মোতাবেক সমগ্র বিশ্ব পাঁচটি ব্লকে বিভক্ত হইবে।”;

- (৪) বিধি ৬ এর উপ-বিধি (১২) এ উলি-খিত “দুই কোটি” শব্দগুলির পরিবর্তে “তিনি কোটি” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (৫) বিধি ৯ এর উপ-বিধি (৪) এ উলি-খিত “বাধ্যতাম—লক” শব্দটির পরিবর্তে “ঞ্চ” ছক” শব্দটি প্রতিস্থাপিত হইবে;
- (৬) বিধি ১১ এর পরিবর্তে বিধি ১১ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“১১। পরিদর্শন সংস্থার কাজের পরিধি।- সরকার কর্তৃক নিয়োজিত পরিদর্শন সংস্থা যে কোন ব্লকে কাজ করিতে পারিবেন।”;

(৭) বিধি ১৫ এর পরিবর্তে বিধি ১৫ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“১৫। প্রত্যয়নপত্র সংশোধন।- পরিদর্শন সংস্থা ইস্যুকৃত কোন প্রত্যয়নপত্র সংশোধনের প্রয়োজন মনে করিলে উহা ইস্যু করিবার ১০ (দশ) কার্যদিবসের মধ্যে এবং বিল অফ এন্ট্রি দাখিলের প-র্বে যথাযথ কারণ উল্লেখপ-ব্রক উহা সংশোধনক্রমে সংশোধিত প্রত্যয়নপত্র ইস্যু করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, উক্তরপে সংশোধিত প্রত্যয়নপত্রে ‘সংশোধিত প্রত্যয়ন পত্র’ শব্দগুলি এবং ম-ল প্রত্যয়নপত্রের নম্বর ও তারিখ উল্লেখ করিতে হইবে এবং তদমর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবে।”;

(৮) বিধি ১৮ এর পরিবর্তে বিধি ১৮ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“১৮। আমদানিকারকের দায়িত্ব।- প্রি-শিপমেন্ট ইসপেকশন পদ্ধতিতে পণ্য আমদানির ক্ষেত্রে আমদানিকারকের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:-

- (ক) ঝণপত্র (L/C) খুলিবার সময় যে পরিদর্শন সংস্থা কর্তৃক পরিদর্শন করাইতে ই” ছুক উহার নাম উল্লেখকরণ;
- (খ) বোর্ড বা পরিদর্শন সংস্থার স্থানীয় অফিস বা এফবিসিসআই এর সাথে যোগাযোগক্রমে প্রি-শিপমেন্ট ইসপেকশনের পদ্ধতি সম্বন্ধে কোর্টে প্রয়োজনীয় তথ্যাদি অবহিতকরণ; এবং
- (গ) পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যয়নপত্র বিষয়ে কোন বিরোধ নিষ্ঠ ভির ক্ষেত্রে আইন, বিধিমালা, ইত্যাদি অনুসরণ।”;

(৯) বিধি ১৯, দফা (ক)সহ, তে দুইবার উল্লিখিত “বাধ্যতাম-লক প্রি-শিপমেন্ট” শব্দগুলির পরিবর্তে উভয়স্থানে “প্রি-শিপমেন্ট” শব্দ প্রতিস্থাপিত হইবে;

(১০) বিধি ২১ এর দফা (ঘ) বিলুপ্ত হইবে;

(১১) বিধি ৩২ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩২ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“৩২। পরিদর্শন সংস্থার ফিস পরিশোধের পদ্ধতি ও ফিসের হার- (১) সর্বশেষ প্রতিযোগিতামূলক দরপত্র অনুযায়ী নিম্নরূপ টেবিলে উল্লিখিত হারে CIF মূল্যের উপর ব্লক ওয়ারী পিএসআই ফি পরিশোধ করিতে হইবে, যথা :-

টেবিল

ক্রমিক নং	ব্লকের নাম	পিএসআই ফি এর শতকরা হার(সিআইএফ মূল্যের উপর)
১।	বক-এ	০.১০%

২।	বক-বি	০.১৪৫%
৩।	বক-সি	০.২৭৫%
৪।	বক-ডি	০.৩৫০%
৫।	বক-ই	০.৫৫০%

(২) আমদানিকারক পণ্য আমদানিকালে নিজ ব্যয়ে পরিদর্শন সংস্থার নিকট হইতে প্রত্যয়নপত্র গ্রহণ করিবেন।”;

(১২) বিধি ৩৩ বিলুপ্ত হইবে; এবং

(১৩) বিধি ৩৪ বিলুপ্ত হইবে।

০২। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ গোলাম হোসেন)
সচিব।